# বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন

সিকিউরিটিজ কমিশন ভবন, ই-৬/সি আগারগাঁও, শের-ই-বাংলা নগর প্রশাসনিক এলাকা, ঢাকা-১২০৭, বাংলাদেশ।


সূত্র নং- বিএসইসি/মুখপাত্র (৩য় খন্ড)/২০১১/২৬

তারিখ ঃ ১৪ চৈত্র ১৪২৪ বঙ্গাব্দ
২৮ মার্চ ২০১৮ খ্রিষ্টাব্দ

## প্রেস বিজ্ঞপ্তি

৬৩৭ তম কমিশন সভা অদ্য ২৮/০৩/২০১৮ তারিখে কমিশনের সভা কক্ষে কমিশনের চেয়ারম্যান ড. এম. খায়রুল হোসেন এর সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। সভায় অন্যান্যের মধ্যে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়েছে ঃ

১. ঢাকা ব্যাংক লিঃ (ইস্যুয়ার) এর ৫০০ কোটি টাকার Non-convertible Floating Rate Subordinated Bond এর প্রস্তাব কমিশন অনুমোদন করেছে, যার মেয়াদ হবে ০৭ বছর। এর বৈশিষ্ট্য হচ্ছে, Non-convertible, Fully Redeemable, Floating Rate, Unsecured, Unlisted, Subordinated Bond। বন্ডটি ০৭ বছরে full redemption হবে, যা বিভিন্ন আর্থিক প্রতিষ্ঠান, বীমা কোম্পানীসমূহ, ফান্ড সমূহ, কর্পোরেট বডি এবং যোগ্য বিনিয়োগকারীগণের মধ্যে প্রাইভেট প্লেসমেন্টের মাধ্যমে ইস্যু করা হবে। উল্লেখ্য, এই বন্ড ইস্যুর মাধ্যমে বিভিন্ন প্রতিষ্ঠান থেকে অর্থ উত্তোলন করে ঢাকা ব্যাংক লিঃ Tier II Capital Base এর শর্ত পূরণ করবে। ঢাকা ব্যাংক লিঃ, Non-convertible Floating Rate Subordinate Bond এর প্রতি ইউনিটের অভিহিত মূল্য ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকা। এই বন্ডের ট্রাস্টি এবং Mandated Lead Arranger হিসাবে কাজ করছে যথাক্রমে গ্রীণ ডেল্টা ইন্স্যুরেন্স কোম্পানী লিঃ এবং স্ট্যান্ডার্ড চার্টার্ড ব্যাংক।

২. যমুনা ব্যাংক লিঃ (ইস্যুয়ার) এর ৫০০ কোটি টাকার Non-convertible Coupon Bearing Subordinated Bond এর প্রস্তাব কমিশন অনুমোদন করেছে, যার মেয়াদ হবে ০৭ বছর। এর বৈশিষ্ট্য হচ্ছে, Non-convertible, Fully Redemeable, Coupon Bearing, Unsecured, Unlisted, Subordinated Bond। বন্ডটি ০৭ বছরে full redemption হবে, যা বিভিন্ন প্রাতিষ্ঠানিক বিনিয়োগকারী ও উচ্চ সম্পদশালী বিনিয়োগকারীগণের মধ্যে প্রাইভেট প্লেসমেন্টের মাধ্যমে ইস্যু করা হবে। উল্লেখ্য, এই বন্ড ইস্যুর মাধ্যমে বিভিন্ন প্রতিষ্ঠান থেকে অর্থ উত্তোলন করে যমুনা ব্যাংক লিঃ Tier II Capital Base এর শর্ত পূরণ করবে। যমুনা ব্যাংক লিঃ, Non-convertible Coupon Bearing Subordinate Bond এর প্রতি ইউনিটের অভিহিত মূল্য ১০০,০০,০০০/- (এক কোটি) টাকা। এই বন্ডের ট্রাস্টি এবং Mandated Lead Arranger হিসাবে কাজ করছে যথাক্রমে আইডিএলসি ফাইন্যান্স লিঃ ও যমুনা ব্যাংক ক্যাপিটাল ম্যানেজমেন্ট লিঃ।

২৮/০৩/২০১৮

মোঃ সাইফুর রহমান
নির্বাহী পরিচালক ও মুখপাত্র।


ফোন (পিএবিএক্স) : +৮৮-০২-৫৫০০৭১৩১-২ ফ্যাক্স : +৮৮-০২-৫৫০০৭১০৬ ই-মেইল : secbd@bdmail.net ওয়েব : www.sec.gov.bd